# ভোট পরবর্তী হিংসার অভিযোগ খতিয়ে দেখতে বর্ধমানে এলেন মানবাধিকার কমিশনের সদস্যা



দুরন্ত বার্তা, বর্ধমান, ২৮ জুন ঃ ভোট পরবর্তী হিংসার অভিযোগ খতিয়ে দেখতে বর্ধমানে এলেন জাতীয় মানবাধিকার কমিশনের সদস্যা আর.এন. দেশাই। সোমবার পূর্ব বর্ধমান সার্কিট হাউসে দেখা করেন শাসকদের দ্বারা আক্রান্ত বিজেপি কর্মী-সমর্থকদের সাথে। এদিন পূর্ব বর্ধমান ছাড়া নদীয়া, বীরভূমের অনেকেই এসেছিলেন নিজেদের অভিযোগ জানাতে। এদিন সার্কিট হাউসে ভিতরে আগত অভিযোগকারীদের সাথে রুদ্ধদ্বার বৈঠক করেন আর.এন. দেশাই। খণ্ডঘোষ থেকে নির্যাতনের অভিযোগ জানাতে এসে রাখি রায় নামে এক নির্যাতিতা জানান, শুধুমাত্র বিজেপি করার অপরাধে ৩মে থেকে তার উপর অত্যাচার শুরু করে স্থানীয় শাসক দলের নেতৃত্ব। তাদের ভয়ে তিনি অন্যত্র পালিয়ে বেড়ান। পরে খণ্ডঘোষ থানার হস্তক্ষেপে তাকে ঘরে ফেরানো হয়, কিন্তু শাসক দলের আশ্রিত দুষ্কৃতীদের মারধর ও হুমকির ভয়ে তিনি ফের ঘরছাড়া হন। রাখি দেবীর অভিযোগ, বার বার খণ্ডঘোষ থানায় নিরাপত্তার আবেদন জানালেও তার সুরক্ষার জন্য কোন ব্যবস্থা নেয়নি। নির্যাতিতার আরও অভিযোগ, বিধানসভা নির্বাচনের আগেও তৃণমূল আশ্রিত দুষ্কৃতীরা তার উপর হামলা চালায় এবং প্রকাশ্যে তার শাড়ি খুলে নেওয়া হয়। এই বিষয়ে তিনি থানায় লিখিত অভিযোগ দায়ের করেছিলেন, তাতেও কোন সুরাহা হয়নি। নদীয়ার কালিগঞ্জ থানার বড়চাঁদঘর গ্রামের বাসিন্দা অশোক সরকার অভিযোগ করেন, বিজেপি করার অপরাধে ৫ বিঘা জমি দখল করে নেয় শাসক দলের স্থানীয় নেতৃত্ব। তিনি জমির ফসল কাটতেও পারেননি। একই থানার শীতলপুর গ্রাম থেকে আহত অপূর্ব সরকার অভিযোগ করেন, ভোটের ফল প্রকাশের পর শাসক দলের দুষ্কৃতীরা কাঁটাতার দিয়ে ঘিরে দেয়। পরে পুলিশের হস্তক্ষেপে কাঁটাতার সরিয়ে নিলেও শাসক দলের স্থানীয় নেতাদের হুমকিতে ঘর ঢুকতে পারেননি এখনও। বিজেপির বীরভূম জেলা কমিটির সদস্য তাপস দাস কয়েকজন নির্যাতিতা মহিলাকে সঙ্গে নিয়ে এদিন সার্কিট হাউসে মানবাধিকার কমিশনের সদস্যার সাথে দেখা করতে এলে সার্কিট হাউসের গেটে প্রহরারত পুলিশ কর্মীরা তাদের নাম ঠিকানা ও ফোন নম্বর লিপিবদ্ধ করে বীরভূমের শাসক দলের নেতৃত্বকে জানিয়ে দেওয়ার অভিযোগ তোলেন। তার এই অভিযোগের কথা মানবাধিকার কমিশনের সদস্যা এর.এন. দেশাইয়ের কানে যেতেই তিনি তৎক্ষনাৎ বাইরে বেরিয়ে আসেন এবং কর্তব্যরত অতিরিক্ত পুলিশ সুপার ও এসডিপিও-র কাছে বিষয়টি সম্পর্কে জানতে চান। তিনি নির্দেশ দেন কে বা কারা নাম নথিভুক্ত করছে তা খতিয়ে দেখে জানাতে। মন্তেশ্বর ব্লকের পুরশুরা পঞ্চায়েতের গিড়িয়া নগর গ্রামের বাসিন্দা শেখ নজরুল হক ও সামসুদ্দিন শেখ অভিযোগ করে বলেন, বিজেপি করার পর থেকে একজন মুসলিম হয়ে বিজেপি করা সবচেয়ে বড় অপরাধ। নির্বাচনের ফল ঘোষণার পর থেকে শাসক দলের হুমকির জেরে এখনও পর্যন্ত পরিবার নিয়ে ঘরছাড়া রয়েছেন তারা। তিনি আরও জানিয়েছেন, তারা গ্রামে কোন রকম নিরাপত্তা পাচ্ছেন না প্রশাসনের কাছ থেকে। শাসকদলের রোষে নিজের কুড়ি বছরের ছেলেকে হারিয়ে মানবাধিকার কমিশনের কাছে অভিযোগ জানাতে এসে কান্নায় ভেঙে পড়েন কেতুগ্রাম ব্লকের শ্রীপুর গ্রামের টুম্পা মাঝি। তিনি বলেন, ৪মে তার বাড়িতে হামলা চালায় শাসক দল আশ্রিত দুষ্কৃতীরা। বাঁশের আঘাতে মাথায় গুরুতর চোট পায় ছেলে বলরাম। ৫মে হাসপাতালে মৃত্যু হয় ছেলের। এদিন ভোট পরবর্তী হিংসায় আক্রান্ত বিজেপি কর্মীদের সাথে দেখা করার বিষয়ে জাতীয় মানবাধিকার কমিশনের সদস্যা আর.এন. দেশাই বলেন, এটা খুব গুরুত্বপূর্ণ বিষয়। এই বিষয়ে সাংবাদ মাধ্যমকে এখনি কিছু জানাবেন না। অভিযোগ শুনে গোপন রিপোর্ট কেন্দ্রীয় অফিসে জমা করা হবে। উল্লেখ্য, এদিন পূর্ব বর্ধমান সহ পার্শ্ববর্তী জেলা থেকে প্রায় শতাধিক বিজেপি কর্মী-সমর্থকরা অভিযোগ জানাতে আসেন সার্কিট হাউসে।

# সমবায় সমিতিকে ধান বেচে বিপাকে চাষিরা

দুরন্ত বার্তা, নদীয়া, ২৮ জুন ঃ একটি সমবায় সমিতিকে ধান বিক্রি করে বিপাকে নদীয়ার কল্যাণী ব্লকের মদনপুরের জীবননগর গ্রামের বেশকিছু চাষি। স্থানীয় ও সমবায় সমিতি খাদ্যদপ্তরের অধীন একটি স্বশাসিত সংস্থার মাধ্যমে চাষিদের থেকে ধান কিনেছিল। অভিযোগ, প্রায় চার মাস পরেও টাকা পাননি চাষিরা। চাষিদের দাবি, ধান বিক্রির সময় তাঁদেরকে জানানো হয়েছিল কুইন্টাল প্রতি ১৮৭৬ টাকা তিনদিন থেকে এক সপ্তাহের মধ্যে ব্যাঙ্কেই জমা করা হবে। কিন্তু চার মাস পরেও টাকা পাননি তারা। চার-পাঁচজন চাষি ধান বিক্রির একটা টাকাও পাননি। আবার কিছু চাষি প্রাপ্যর অর্ধেক বা তার কিছু বেশি টাকা পেয়েছেন। কয়েক কুইন্টাল ধানের দাম তাঁদের এখনও পাওনা রয়েছে। নতুন ধান রোয়ার সময়ও এসে গিয়েছে। তাই, টাকা না পেয়ে বিপাকেই পড়েছেন ওই চাষিরা। অর্থসংকটে পড়ে কেউ মহাজনের কাছ থেকে চড়া সুদে টাকা ধার নিয়েছেন, কেউ বা বিক্রি করছেন গরু। চাষিরা জানান, তাঁরা জানুয়ারিতে কুইন্টাল প্রতি ১৮৭৬ টাকা ধরে ধান বেচেছিলেন। তখন বাজার দর ছিল কুইন্টাল প্রতি ১২০০ থেকে ১৫০০ টাকা। অতিরিক্ত দাম পাওয়া যাচ্ছে দেখে বেশিরভাগ চাষি সমবায়কেই সমস্ত ধান বিক্রি করেন। যার দাম দেওয়ার কথা সমবায়ের। খাদ্যদপ্তরের গুদামে পৌঁছায় ওই সংস্থা। সেই চালের বিল জমা দিলে খাদ্যদপ্তর থেকে টাকা দেওয়া হয়। কতটা চাল ওই সংস্থার কাছ থেকে কেনা বা মজুদ করা হবে তা খাদ্যদপ্তর ঠিক করে দেয়। খাদ্যদপ্তরের সেই অর্ডার অনুযায়ী ধান কেনার কথা সংস্থার। ওই এলাকার এক চাষি বলেন, কোনওবার এরকম সমস্যা হয় না। তাই ভরসা করে আমার সব জমির ধান, মোট ১৮ কুইন্টাল দিয়েছিলাম। কিন্তু এখনও টাকা পেলাম না। সমিতির কাছে জানতে গেলেই কিছুদিনের মধ্যেই টাকা দেব বলে আশ্বাস দেয়। কিন্তু দেয় না। আসলে ফড়েরা টাকা পেয়ে যাচ্ছে, প্রকৃত চাষিদের দেওয়া হচ্ছে না। এই বিষয়ে ওই সমবায় সমিতির সদস্য শম্পা মজুমদার বলেন, ফড়েদের কাছ থেকে ধান কেনার অভিযোগ সম্পূর্ণ মিথ্যা। যে সংস্থা আমাদের মাধ্যমে ধান কেনে, তাদেরও কোনও ভুল নেই। ধান কেনার অর্ডারের থেকে বেশি ধান আমরা কিনে ফেলেছি। তাতেই এই বিপত্তি। অর্ডার কপি হাতে এলেই চাষিদের টাকা মিটিয়ে দিতে পারব। অন্যদিকে, নদীয়া জেলা খাদ্যদপ্তরের খাদ্য নিয়ামক বাবুল চন্দ্র ভক্ত বলেন, বিষয়টা আমাদের জানা ছিল না। আমরা তদন্ত করে দেখব, কেন এমন হল।

## তৃণমূলের অনাস্থা

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৮ জুন ঃ জয়গাঁ ২ নং গ্রাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে আনা তৃণমূলের পঞ্চায়েত সদস্যদের অনস্থা প্রস্তাব সোমবার পাশ হল। ২১ গ্রাম সংসদ বিশিষ্ট জয়গাঁ ২ গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান ও একজন পঞ্চায়েত সদস্যের পূর্বে মৃত্যু হয়েছে। বর্তমানে ১৯ জন পঞ্চায়েত সদস্যদের মধ্যে তৃণমূলের ১২ জন পঞ্চায়েত সদস্য গ্রাম পঞ্চায়েতের প্রধানের বিরুদ্ধে অনাস্থা আনে। এই বিষয়ে উল্লেখ্য জয়গাঁ ২ গ্রাম পঞ্চায়েতের প্রধান ফূর্বা লামা বিধানসভা ভোটের পূর্বে তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগদান করেন। বিধানসভা নির্বাচনের ফল প্রকাশের পর সংখ্যাগরিষ্ঠ তৃণমূলের ১২জন পঞ্চায়েত সদস্য অনাস্থা আনে এবং আজ জয়গাঁ দুই গ্রাম পঞ্চায়েতের অনাস্থা প্রক্রিয়া হয় সরকারি আধিকারিকের উপস্থিতিতে। এদিনের অনাস্থা প্রক্রিয়াতে তৃণমূলের ১২ জন সদস্য বর্তমান প্রধান ফূর্বা লামার বিরুদ্ধে ভোট দেন। সংখ্যাগরিষ্ঠতা প্রধানের বিপক্ষে যায়। যদিও এদিন প্রধান ফূর্বা লামা সহ সাত জন পঞ্চায়েত সদস্য অনাস্থা প্রস্তাবে অনুপস্থিত ছিলেন। ফলতঃ অনাস্থা প্রক্রিয়ার ফল দাড়ায় ১২-০। এদিন অনাস্থা প্রক্রিয়ার পর তৃণমূল কংগ্রেস সদস্যরা উল্লাসে ফেটে পড়েন। রীতিমতো পটাকা ফাটিয়ে তারা উল্লাস জাহির করে। তৃণমূলের জয়গাঁ ২ অঞ্চল সভাপতি মহম্মদ আব্দুল মানিক জানান, তৃণমূল শীর্ষ নেতৃত্বের অনুমতি নিয়ে এই অনাস্থা প্রস্তাব আনা হয়েছিল।

# পণের দাবীতে গৃহবধূকে পিটিয়ে খুন

দুরন্ত বার্তা, রায়গঞ্জ, ২৮ জুন ঃ দাবি অনুযায়ী পণের টাকা না মেলায় বধূকে শ্বাসরোধ করে খুন করার অভিযোগ উঠল স্বামী সহ শ্বশুরবাড়ির লোকজনের বিরুদ্ধে। ঘটনাটি ঘটে রায়গঞ্জ ব্লকের ভাতুন গ্রাম পঞ্চায়েতের তাজপুর এলাকায়। সোমবার অভিযুক্ত স্বামীকে মারধর করে পুলিশের হাতে তুলে দেয় মৃতার পরিবার। বাকিরা পলাতক। রায়গঞ্জ থানায় অভিযুক্ত স্বামী আনারুল আনসারী সহ তিনজনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করেছে রায়গঞ্জ থানার পুলিশ। মৃতার পরিবার সূত্রে জানা যায়, ১০ মাস আগে পানিশালার বাসিন্দা মোহদা খাতুন(১৯)-র বিয়ে হয় তাজপুর এলাকার বাসিন্দা আনারুল আনসারীর। স্বামী পেশায় দর্জি। অভিযোগ, বিয়ের দুই মাস যেতে না যেতেই ওই গৃহবধূকে বাবার বাড়ি থেকে টাকা আনার জন্য চাপ সৃষ্টি করত আনারুল। টাকা না পেলে প্রায়ই মারধর করা হত বলে অভিযোগ। সম্প্রতি ১ লক্ষ টাকার জন্য মহিদাকে চাপ দেয় স্বামী সহ শ্বশুরবাড়ির লোকেজন। টাকা না পেয়ে বধূর উপর অত্যাচার শুরু করে পরিবারের লোকেরা। এদিন সকালে বেধড়ক মারধর করে স্ত্রীকে মেরে শ্বশুরবাড়ির প্রত্যেকে পালিয়ে যায়।


**RDB REALTY & INFRASTRUCTURE LTD.**

GOING TOGETHER GROWING TOGETHER

CIN: L16003WB2006PLC110039

Regd.Office: Bikaner Building, 8/1,Lal Bazar Street, 1st Floor,Room No.10,Kolkata-700001

Phone:033-44500500;Fax:033-22420588

email id:secretarial@rdbindia.com

Website:www.rdbindia.com

**EXTRACT OF AUDITED FINANCIAL RESULTS FOR THE QUARTER AND YEAR ENDED 31ST MARCH, 2021** (Rs. in Lakhs)

| Particulars | Consolidated | | |
|---|---|---|---|
| | Quarter ended 31.03.2021 (Audited) | Year Ended 31.03.2021 (Audited) | Quarter ended 31.03.2020 (Audited) |
| Total income from operations (net) | 2772.13 | 6015.61 | 1038.17 |
| Net Profit before Tax and exceptional items | 62.09 | 624.30 | 226.02 |
| Net Profit before Tax after exceptional items | 62.09 | 624.30 | 226.02 |
| Net Profit/loss after Tax | (24.38) | 400.33 | 197.35 |
| Total Comprehesnsive Income for the period (Comprising profit for the period after tax and other comprehensive income after tax) | 16.12 | 440.83 | 103.74 |
| Paid-up Equity Share Capital Face Value Rs. 10/- Per Share) | 1728.34 | 1728.34 | 1728.34 |
| Reserves (As shown in the Balance Sheet Audited of previous year) | 13025.66 (as on 31/03/2021) | 13025.66 (as on 31/03/2021) | 12524.42 (as on 31/03/2020) |
| Basic and Diluted Earning Per Share for the period | (0.14) | 2.34 | 1.14 |

Note:

1. (a) The above results were reviewed by the Audit Committee on 28th June, 2021 and approved by the Board of Directors of the Company at its meeting held on 28th June, 2021.

(b) Key Standalone Financial Information

| Particulars | Quarter ended 31.03.2021 (Audited) | Year Ended 31.03.2021 (Audited) | Quarter ended 31.03.2020 (Audited) |
|---|---|---|---|
| Total Income | 1442.34 | 4199.49 | 652.54 |
| Net Profit /loss before Tax | (13.73) | 206.17 | 35.88 |
| Net Profit/Loss after Tax | (56.31) | 110.59 | 39.03 |

2. The above is an extract of the detailed format of Quarterly Financial Results filed with the Stock Exchanges under Regulation 33 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations,2015. The full format of the Quarterly Financial Results are available on the website of the Stock Exchange(s) and on the company's website (www.rdbindia.com).
3. The consolidated financial statements does not include the financial statements of one limited liability partnership of which the Company is a partner. The financial statements of the aforesaid limited liability partnership could not be prepared within the stipulated time due to the lockdown imposed by the Government and the subsequent disturbances caused in the operations.

FOR AND ON BEHALF OF THE BOARD
sd/-
**Pradeep Kumar Pugalia**
Whole-Time Director
DIN:00501351

Place: Kolkata.
Date: 28.06.2021


## কলেজের ফি কমানোর দাবীতে বিক্ষোভ ছাত্রীদের

দুরন্ত বার্তা, বর্ধমান, ২৮ জুন ঃ কলেজ ফি কমানোর বিষয়ে ছাত্রীদের সাথে আলচনার আশ্বাস দিয়েও কলেজ কর্তৃপক্ষ আলোচনায় না বসায় সোমবার ফের বিক্ষোভ প্রদর্শন করল উদয়চাঁদ মহিলা কলেজের প্রথম বর্ষের ছাত্রীরা। গত শনিবার এই বিষয়ে তারা কলেজের সামনে বিক্ষোভ দেখালে কলেজ কর্তৃপক্ষের পক্ষ থেকে তাদের সোমবার আলোচনার আশ্বাস দিলে ছাত্রীরা সেদিনের বিক্ষোভ তুলে নেয়। কিন্তু সোমবার কর্তৃপক্ষ ছাত্রীদের সাথে আলোচনায় না বসায় তারা ফের বিক্ষোভ প্রদর্শন করে। ছাত্রীদের অভিযোগ, দ্বিতীয় সেমিস্টারে ভর্তি ফি বাবদ অফলাইনের সুযোগ-সুবিধা খাতে অতিরিক্ত টাকা চাওয়া হয়েছে। ছাত্রীদের অভিযোগ, করোনা পরিস্থিতিতে লকডাউন চলাকালীন প্রায় দেড় বছর কলেজ বন্ধ। এমতাবস্থায় কলেজের ইলেক্ট্রিক, জল সহ অন্যান্য বেশ কিছু খাতের টাকা বাবদ ফি চাওয়া হচ্ছে। যেখানে ওই সব সুবিধা ছাত্রীরা ভোগই করে নি, তাহলে তার জন্য অতিরিক্ত টাকা চাওয়া অমানবিকতার নিদর্শন। বিশেষ করে লকডাউনের পরিস্থিতিতে অনেক ছাত্রীরই পরিবারের আর্থিক অবস্থা শোচনীয়। তাই সেক্ষেত্রে অযৌক্তিক ফি কেন দিতে তাদের বাধ্য করা হচ্ছে এ প্রশ্ন তোলা হয়েছে ছাত্রীদের পক্ষ থেকে। এদিন সাধারণ ছাত্রীদের আন্দোলন সমর্থন করে তৃণমূল ছাত্র পরিষদও কলেজের প্রিন্সিপ্যালকে স্মারকলিপি প্রদান করে। যদিও কোন রাজনৈতিক দলের ছত্রছায়ায় থেকে তাদের আন্দোলন হোক সেটা চাইছে না সাধারণ ছাত্রীরা। ফি বৃদ্ধির বিরুদ্ধে সোচ্চার শুধু বর্ধমান উদয়চাঁদ মহিলা কলেজের ছাত্রী নয়, বর্ধমান শহরের আরও দুটি কলেজ রাজ কলেজ ও বিবেকানন্দ কলেজের ছাত্র-ছাত্রীরাও সোচ্চার হয়েছে। অনলাইনে ক্লাস ও পরীক্ষা চললেও অফলাইন খাতের ফি নেওয়ার সাথে ভর্তি ফিও অস্বাভাবিক বাড়ানো হয়েছে বলে অভিযোগ তোলে পড়ুয়ারা। এ বিষয়ে বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাসের হস্তক্ষেপে ভর্তি ফি কমানোর আশ্বাস দেওয়া হয় কলেজগুলির কর্তৃপক্ষের তরফ থেকে। বিধায়কের এই উদ্যোগে খুশী ছাত্র-ছাত্রী থেকে তাদের অভিভাবকরাও।

# একশো দিনের কাজের বিবাদে ফাটল পঞ্চায়েত প্রধানের মাথা



দুরন্ত বার্তা, সিউড়ি, ২৮ জুন ঃ বীরভূমের সিউড়িতে ১০০ দিনের কাজকে কেন্দ্র করে পঞ্চায়েত প্রধানের মাথা ফাটিয়ে দেওয়ার অভিযোগ উঠল শ্রমিকদের বিরুদ্ধে। সোমবার ঘটনায় উত্তেজনা ছড়াল এলাকায়। ঘটনার পর দীর্ঘক্ষণ পেরিয়ে গেলেও এখনও থমথমে এলাকা। জানা গিয়েছে, সোমবার সকালে কেন্দুয়ায় ১০০ দিনের কাজে নর্দমা পরিস্কার করা হচ্ছিল। বহু শ্রমিক সেখানে কাজ করছিলেন। সেই সময় কয়েকজন বিজেপিকে ভোট দিয়েছে এই অভিযোগ তুলে তাঁদের বাধা দেওয়া হয়। সেই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয় বচসা। ক্রমেই তা হাতাহাতিতে পৌঁছে যায়। পরিস্থিতি আয়ত্বে আনতে ময়দানে নামেন কেন্দুয়া পঞ্চায়েতের তৃণমূলের প্রধান নারায়ণ বাগদি। অভিযোগ, সেই সময় তাঁকে বেধড়ক মারধর করা হয়। লাঠির আঘাতে তার মাথা ফেটে যায়। এরপরই মূল অভিযুক্ত উত্তম হাজরাকে ব্যাপক মারধর করে প্রধানের অনুগামীরা। ঘটনাকে কেন্দ্র করে রণক্ষেত্রের চেহারা নেয় এলাকা। খবর পেয়ে ঘটনাস্থলে যায় বিশাল পুলিশ বাহিনী। তাঁদের সামনেও চলে অশান্তি। দীর্ঘক্ষণের চেষ্টায় আয়ত্বে আসে পরিস্থিতি। তবে এখনও চাপা উত্তেজনা রয়েছে এলাকায়। পরিস্থিতি যাতে নতুন করে অগ্নিগর্ভ হয়ে না ওঠে সেই কারণে মোতায়েন করা হয়েছে বিশাল পুলিশ বাহিনী। তৃণমূল নেতা তথা কেন্দুয়া গ্রাম পঞ্চায়েতের প্রধান নারায়ণ বাগদির অভিযোগ, এই পরিবার এলাকার সমস্ত উন্নয়নে বাধা দেয়। বিজেপির ইন্ধনে ওরা এটা করে। আজ ঘটনার খবর পেয়ে কথা বলতে এলে ওরা মেরে আমার মাথা ফাটিয়ে দেয়। আক্রান্ত পরিবারের পাল্টা অভিযোগ, পুরোটাই তৃণমূলের সাজানো ঘটনা। শুধুমাত্র বিজেপি সমর্থক সন্দেহে হেনস্থা করা হচ্ছে তাঁদের। অভিযুক্ত পরিবারের এক সদস্য বলেছেন, এই ঘটনার সঙ্গে আমরা কোনও ভাবেই যুক্ত নই। বিধানসভা ভোটে আমরা বিজেপিকে ভোট দিয়েছি, এই সন্দেহে আমাদের ওপর হামলা চালানো হয়। সিউড়ি থানার পুলিশ আক্রান্ত পরিবারের সদ্যদের উদ্ধার করে।

## ভ্যাকসিন বিক্ষোভ

দুরন্ত বার্তা, শান্তিপুর, ২৮ জুন ঃ করোনা ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ না পেয়ে বিক্ষোভ দেখালেন রবিবার মধ্যরাত থেকে লাইনে দাঁড়িয়ে থাকা ভ্যাকসিন নিতে আসা মানুষেরা। ঘটনাটি ঘটেছে সোমবার সকাল দশটা নাগাদ নদীয়ার শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালে। বিক্ষোভকারীদের অভিযোগ, ৮৪ দিন পেরিয়ে যাবার পর আমাদের মোবাইলে ম্যাসেজ এসেছে। সেই ম্যাসেজ দেখেই রবিবার মধ্য রাত থেকে ঘন্টার পর ঘন্টা ধরে ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নেওয়ার জন্য লাইন দিয়ে অপেক্ষা করছিলাম আমরা। অথচ বেলা দশটা নাগাদ হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়ে দেয়, সোমবার ভ্যাকসিন দেওয়া হবে না। এরপর আর আমাদের পক্ষে মাথা ঠান্ডা রাখা সম্ভব হয়নি। বাধ্য হয়েই আমাদের বিক্ষোভ দেখাতে হয়। হাসপাতাল সূত্রে জানা গিয়েছে, ভ্যাকসিন না দেবার কথা জানার পরেই লাইনে দাঁড়িয়ে থাকা ভ্যাকসিন নিতে আসা লোকজন বিক্ষোভে ফেটে পড়েন। মোবাইলে ম্যাসেজ পেয়েই তারা দ্বিতীয় ভ্যাকসিন নেওয়ার জন্য হাজির হন। স্বাভাবিকভাবেই ভ্যাকসিন না পেয়ে হয়রানির শিকার হন তারা। তাই বাধ্য হন বিক্ষোভ দেখাতে। যদিও এই বিষয়ে শান্তিপুর স্টেট জেনারেল হাসপাতালের সুপার ডা. তারক বর্মণ জানান, সোমবার যে ভ্যাকসিন দেওয়া হবে না রবিবার সন্ধ্যায় এবং সোমবার সকালে মাইকে প্রচার করে জানিয়ে দেওয়া হয়েছিল। বলা হয়েছিল, সময়মত ভ্যাকসিন দেওয়ার দিন জানিয়ে দেওয়া হবে। তা সত্বেও অনেকে রাত থেকে ভ্যাকসিন নেওয়ার জন্য অপেক্ষা করছেন। ৮৪ দিন পেরিয়ে গেলে স্বাভাবিকভাবেই ম্যাসেজ আসবে। কিন্তু আমাদের হাতে পর্যাপ্ত ভ্যাকসিন না থাকায় আমাদের পক্ষে ভ্যাকসিন দেওয়া সম্ভব হয় নি। এদিন রানাঘাট মহকুমা হাসপাতালেও ভ্যাকসিন না পেয়ে বিক্ষোভে সরব হয়েছিলেন ভ্যাকসিন নিতে আসা লোকজন।

## স্কুলে বিক্ষোভ

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৮ জুন ঃ শিলিগুড়ির ইস্কন রোডের এক বেসরকারি স্কুলের ফি মুকুবের দাবীতে পথ অবরোধ করলেন স্কুলে পাঠ্যরত ছাত্র-ছাত্রীদের অভিভাবকরা। করোনার অতিমারীতে এমনিতেই স্কুল-কলেজের মত শিক্ষা প্রতিষ্ঠানগুলি বন্ধ। ঘর থেকেই অনলাইন ক্লাস করতে হচ্ছে ছাত্র-ছাত্রীদের। এক অভিভাবক পাপ্পুবাবু জানালেন, গত বছর থেকেই করোনার কারনে স্কুল বন্ধ হয়ে আছে গত বছর স্কুলের যা ফি হয় তা আমরা সময়মত জমা করেছি। এই সেশনে স্কুল ফি বাড়িয়েছে। আমাদের দাবী গত বারের যা ফি ছিলো সেই ফি যাতে নেওয়া হয় সেই দাবীতে আজ কর্তৃপক্ষ আমাদেরকে মিটিংয়ে ডেকেছিলেন। কিন্তু কর্তৃপক্ষ আমাদের সাথে মিটিংয়ে বসবেন না বলে জানিয়ে দেন। আমরা কোন উপায় না পেয়ে পথ অবরোধ করেছি। আমাদের স্কুল কর্তৃপক্ষের কাছে অনুরোধ গত বার যা ফি নেওয়া হয়েছে এবারও যাতে সেই ফি নেওয়া হয়। কারন করোনার কারনে এমনিতেই প্রায় আমরা কর্মহীন হয়ে পড়েছি। তার উপর স্কুলের বর্ধিত ফি আমাদের উপর চাপ সৃষ্টি হচ্ছে। যা ন্যায় সঙ্গত নয়। স্কুল কর্তৃপক্ষ আমাদের দাবী না মানলে বড় সমস্যায় পড়ব।

# বৃদ্ধের রহস্যমৃত্যু ঘিরে চাঞ্চল্য নবদ্বীপে

দুরন্ত বার্তা, নবদ্বীপ, ২৮ জুন ঃ এক বৃদ্ধের রহস্যজনক মৃত্যুকে ঘিরে তীব্র চাঞ্চল্য ছড়াল এলাকায়। ঘটনাটি ঘটেছে সোমবার দুপুরে নবদ্বীপ ব্লকের মাজদিয়া পানশিলা গ্রাম পঞ্চায়েতের তেঁতুলতলা বাঁধেরধার এলাকায়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় নবদ্বীপ থানার পুলিশ। বৃদ্ধের নাম সুধীর দেবনাথ (৭০)। পরে ঘরের মধ্যে পড়ে থাকা ওই বৃদ্ধকে নবদ্বীপ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। যদিও ঘটনায় বৃদ্ধের পরিবার থেকে থানায় কোনও রকম লিখিত অভিযোগ করা হয়নি। পুলিশ ও পরিবার সূত্রে জানতে পারা যায় পেশায় সবজি ব্যবসায়ী সুধীর দেবনাথের স্ত্রী বিয়োগ হয়েছে মাত্র সাত মাস আগে। তার দুই ছেলে ও এক মেয়ে। সবারই বিয়ে হয়ে গেছে। ছোট ছেলে রবিন দেবনাথ বাড়ির কিছুটা দূরে থাকেন। রবিন আগে রাজ্যের বাইরে কাজ করলেও লকডাউনে তিনি বাড়ি ফিরে আসেন। একমাত্র মেয়ে নিবেদিতা দেবনাথ বিবাহসূত্রে থাকেন চর মাজদিয়া চর ব্রহ্মনগর এলাকায়। পরিবার সূত্রে জানতে পারা যায়, রবিবার অন্যান্য দিনের মতো রাতের খাবার খেয়ে শুয়ে পড়েন। সোমবার বেলা দশটা বেজে গেলেও ঘুম থেকে না ওঠায় বৃদ্ধের বড় ছেলের ঘরে নাতি সুজয় দেবনাথ দাদুকে ডাকতে যায়। ঘরে ঢুকে সুজয় দেখতে পায়, দাদুর নাক-মুখ দিয়ে রক্ত বেরোচ্ছে। অথচ কোন সাড়াশব্দ দিচ্ছে না। সঙ্গে সঙ্গে বিষয়টি তার মাকে জানায়। সুজয়ের মা তখন স্বামী সুরজিৎ দেবনাথকে জানালে তিনি বাড়িতে ছুটে আসেন। তিনিই ভাই রবিন ও দিদি নিবেদিতাকে বাবার অবস্থার কথা জানান। খবর পেয়ে দ্রুত ভাই রবিনও দিদি নিবেদিতা তেঁতুলতলার বাড়িতে ছুটে আসেন। মৃতের একমাত্র মেয়ে নিবেদিতা দেবী অভিযোগ করে বলেন, তার ভাইয়েরা বাবাকে ঠিকমত দেখাশোনা করত না। নিবেদিতা দেবীর আরও অভিযোগ, আজ থেকে মাস চার আগে আমার মা একপ্রকার বিনা চিকিৎসায় মারা গেছে। বাবা এই বৃদ্ধ বয়সেও সবজির ব্যবসা করত। তার অভিযোগ, বাবার কিভাবে মৃত্যু হল জানি না। ময়নাতদন্তের রিপোর্টের অপেক্ষায় আছি। ময়নাতদন্তের রিপোর্ট হাতে পেলেই যা করার করব। অন্যদিকে বৃদ্ধের বড় বৌমা বলেন, শ্বশুরমশাই বেশকিছুদিন যাবত অসুস্থ ছিলেন। তার চিকিৎসাও চলছিল। গতকাল রাতে শোয়ার পর তার বুকে ব্যথা হওয়ায় বড় ছেলে সুরজিৎ তার বুকে তেল মালিশ করে দেয়। ইদানিং বাবার শরীর অসুস্থ থাকায় বেলা করে ঘুম থেকে উঠছিলেন। ফলে এদিন সকাল দশটা বেজে গেলও বিষয়টি গুরুত্ব দিইনি। তিনি আরও বলেন, পরে দাদুকে ডাকতে ছেলে সুজয়কে পাঠাই। ছেলে এসে বিষয়টি জানায়। কোনও অভিযোগ দায়ের না হলেও বৃদ্ধের কিভাবে মৃত্যু হল তা জানতে, তদন্ত শুরু করেছে নবদ্বীপ থানার পুলিশ।

## নিশানায় শুভেন্দু

দুরন্ত বার্তা, কাঁথি, ২৮ জুন ঃ শুভেন্দু অধিকারীকে কাঁথি কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান পদ থেকে সরানোর দাবি বিক্ষোভ হল ব্যাঙ্কের মূল ফটকে। ওই বিক্ষোভে যোগ দিলেন রাজ্যের মৎস্যমন্ত্রী অখিল গিরি ও প্রাক্তন মন্ত্রী জ্যোতির্ময় কর সহ জেলার অন্যান্য তৃণমূল নেতারা। মৎস্যমন্ত্রী অখিল গিরির অভিযোগ, রিজার্ভ ব্যাঙ্কের নিয়ম অনুযায়ী কোনও সমবায় ব্যাঙ্কের চেয়ারম্যান পদে ২ বার থাকা যায় না। কিন্তু ক্ষমতার অপব্যবহার করে শুভেন্দু কাঁথি সমবায় ব্যাঙ্কের চেয়ারম্যান পদে রয়েছেন টানা তিনবার। তাই শুভেন্দুকে এক্ষুনি ওই পদ থেকে সরাতে হবে। এনিয়ে শুভেন্দু অধিকারীর কাছে জানতে চাওয়া হলে তিনি এনিয়ে কিছু বলতে অস্বীকার করেন। রাজ্যের প্রাক্তন সমবায় মন্ত্রী জ্যোতির্ময় কর বলেন, আরবিআই-র ধারা মানছে না সমবায় ব্যাঙ্কের কমিটি। ব্যাঙ্কে বেআইনিভাবে কর্মী নিয়োগ করা হয়েছে, নিয়ম ভেঙে ঋণ দেওয়া হয়েছে, লোন আদায় না হওয়ায় একাধিক ভুয়ো ব্যাখ্যা দিচ্ছে কমিটি। এদিকে, ব্যাঙ্কের ভাইস চেয়ারম্যান চিন্তমনি মণ্ডল বলেন, আগের কমিটি ২০০৯ সাল পর্যন্ত প্রায় ৩৮০ কোটি টাকা ক্যাপিটাল ছিল। এখন সেই ৩৮০ কোটি থেকে বর্তমান কমিটি প্রায় ১২০০ কোটি টাকাতে নিয়ে এসেছে। বহু বেকার যুবক-যুবতীদের কর্মসংস্থান করেছে। করোনা মহামারীতে ব্যাঙ্ক লক্ষাধিক মানুষের আহারের যোগান দিয়েছে। কৃষিক্ষেত্রে লোন প্রদান করেছে এবং তা থেকে ব্যাঙ্ক মুনাফাও করেছে।


**Office of The HARAL DASPUR GRAM PANCHAYET**
**HARAL-DASPUR, PANDUA, HOOGHLY**
**NOTICE INVITING E-TENDER**
**E-NIT NO. –001/HDGP/2021-22 DATE - 28/06/2021**
**MEMO NO:-HD/ 46/2021-22**

E-tenders are invited by the Prodhan, Haral Daspur Gram Panchayet for the following work. E-Tender (on-line) and the Specified Schedule will be available at "e-procurement" link under **https://wbtenders.gov.in** Website (FUND - MGNREGS)

| Sl. No. | Name of Work | Materials & Other Cost(Rs.) | Earnest Money (Rs.) |
|---|---|---|---|
| 1 | Const. of Cem Conc road for Comm from H/o Mainuddin to Aptab Halder. | 381485.00 | 7630.00 |
| 2 | Const. of Conc road from Bhagarpara Club to Mobarakpara at Bilsara E J. | 1315895.00 | 20000.00 |
| 3 | Const. of Cem Conc road for Comm from Londry more to Primary School at Haral. | 1828340.00 | 20000.00 |
| 4 | Const. of Cem Conc road for Comm from Bajgarey to Kuntal at Bilsara West. | 1074910.00 | 20000.00 |
| 5 | Const. of Cem Conc road for Comm from Kolo Pond to Primary School at Haral. | 914427.00 | 18289.00 |
| 6 | Const. of Cem Conc road for Comm from H/o Rani Kisku to Saluktala at North Haral. | 998118.00 | 19962.00 |
| 7 | Const. of CC road for Comm from M Khetrapal to A Khetrapal via M Khetrapal house at Bilsara. | 315891.00 | 6318.00 |

Date & time of Publication (Online) 28.06.2021 at 04:00 PM. Documents download date & time (Online) 30.06.2021 at 04:00 PM up to 12.07.2021 at 04:00 PM. Bid proposal submission date & time (Online) 30.06.2021 at 04:00 PM up to 12.07.2021 at 04:00 PM. Bid opening Date & time for Technical Proposal (Online) 13.07.2021 at 02:00 PM & Financial 20.07.2021 at 02:00 PM. For details please visit office of the undersigned on any working days.

**Sd/- Prodhan**
**Haral Daspur Gram Panchayet**


# তৃণমূল কর্মীর ওপর হামলার অভিযোগ



দুরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ২৮ জুন ঃ তৃণমূল কর্মীর উপর হামলা চালানোর অভিযোগ উঠল বিজেপির বিরুদ্ধে। ঝাড়গ্রামের এই ঘটনার পর সেখানকার বিধায়ক বীরবাহা হাঁসদা বলেছেন, শুভেন্দু অধিকারীর সফরের পরই এই অশান্তি। তাই আগামী দিনে শুভেন্দু ও অন্যান্য বিজেপি নেতাদের জঙ্গলমহলে ঢুকতে দেওয়া হবে না। রবিবার রাতে ঘটনাটি ঘটে ঝাড়গ্রাম শহর লাগোয়া কাঞ্চন ওয়েল মিলের কাছে। জখম তৃণমূল কর্মীর নাম অঞ্জন পান্ডা (১৯)। তাঁর বাড়ি ঝাড়গ্রাম পৌরসভার ১০ নম্বর ওয়ার্ডের বিবেকানন্দ পল্লী এলাকায়। এ দিন তাঁকে ফোন করে দক্ষিণসোলের এক যুবক ঝাড়গ্রাম কাঞ্চন ওয়েল মিলের কাছে ডাকে। অঞ্জন সেখানে যাওয়ার পর তাঁকে ঘিরে ধরে ভোজালি দিয়ে আঘাত করা হয় বলে অভিযোগ। হামলাকারীর সঙ্গে আরও চারজন ছিল বলে জানিয়েছেন অঞ্জন। তারাই তাঁকে ভোজালি দিয়ে আঘাত করেছে বলে তিনি অভিযোগ করেন। বিষয়টি জানতে পেরে পরিবারের লোকেরা তাঁকে আশঙ্কাজনক অবস্থায় উদ্ধার করে ঝাড়গ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে গিয়ে ভর্তি করান। খবর পেয়ে তাঁকে দেখতে হাসপাতালে যান ঝাড়গ্রামের বিধায়ক তথা বন দফতরের প্রতিমন্ত্রী বীরবাহা হাঁসদা। তিনি বলেন, বিষয়টি ঝাড়গ্রামের পুলিশ সুপার বিশ্বজিৎ ঘোষকে জানানো হয়েছে। তিনি অভিযুক্তদের গ্রেফতার করার জন্য পদক্ষেপ করবেন বলে আশ্বাস দিয়েছেন। সেই সঙ্গে মন্ত্রী বীরবাহা হাঁসদা বলেন, নির্বাচনের পর শান্ত ঝাড়গ্রামকে অশান্ত করে তোলার জন্য শনিবারই একজন এসেছিলেন। তিনি হলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তাঁর উস্কানিতেই ফের জঙ্গলমহলকে অশান্ত করার চেষ্টা করছে বিজেপি। আগামী দিনে শুভেন্দু অধিকারী সহ বিজেপির কোনও নেতাকে জঙ্গলমহলে ঢুকতে দেব না। মন্ত্রী আরও বলেন, জঙ্গলমহলের শান্তি বজায় থাকবে, উন্নয়নের ধারা অব্যাহত থাকবে। যদি কেউ উস্কানিমূলক বক্তব্য রেখে জঙ্গলমহলকে অশান্ত করার চক্রান্ত করে, তার বিরুদ্ধে জঙ্গলমহলের মানুষ রুখে দাঁড়াবেন। তিনি ওই ঘটনার জন্য বিজেপিকে দায়ী করেছেন। বিজেপি আশ্রিত দুষ্কৃতীরা দলের ওই কর্মীর উপর হামলা চালিয়েছে বলে বীরবাহা অভিযোগ করেন। তবে বিজেপির পক্ষ থেকে তৃণমূলের আনা অভিযোগ অস্বীকার করা হয়েছে। পুলিশের ঘটনার তদন্ত শুরু করেছে।


**Tender Notice (Abridged) No.-NIT-01/AE(HQ)/BHM of 2021-2022, Vide Memo No. 1026/BHM dt. 18.06.2021**

The Assistant Engineer (HQ), Birbhum Division, P.H.E Dte., Suri, Birbhum invites tender for "Engagement of Computer Operator under Birbhum Division, P.H.E. Dte.".Details will be available from the website **www.wbphed.gov.in**.

**Sd/- Assistant Engineer (HQ), Birbhum Division P.H.E Dte.**

**Office of the Dharmapur Gram Panchayat**
**Maynaguri, Jalpaiguri**
**E-Tender Notice**
**NIT No.e-NIT-02/DGP/21 and 01/DGP (2nd Call) dated 23.06.2021**

Last date of online Bid submission- 01.07.21. This notice may be seen on website- **www.wbtenders.gov.in**

**Sd/- Prodhan**
**Dharmapur Gram Panchayat**

**BERUGRAM GRAM PANCHAYET**
**BOWAI, PURBA BARDHAMAN**

Sealed tender are invited by Prodhan Berugram Gram Panchayat from bonafied and experienced contractor for Construction work under **15 th F.C.(UNTIED)2020-21 fund, NIT NO.-01/BGP/15 th FC(untied)/2021-22 date-25/06/2021**. Details please contact at GP office.

**Sd/- Prodhan**
**Berugram GP**

**e-TENDER NOTICE**
**Office of the Maynaguri Development Block**
**Maynaguri:: Jalpaiguri**

Notice inviting e-Tender by the undersigned for different works vide N.I.T. No.:- 01 of 2021-22 OF THE BLOCK DEVELOPMENT OFFICER, MAYNAGURI DEVELOPMENT BLOCK Dated. **23.06.2021.** Last date and time of online bid submission:- **09-07-2021 Time 18.00 Hours.** For further details following site may be visited **https://wbtenders.gov.in**

**Sd/- Block Development Officer**
**Maynaguri, Jalpaiguri**